যুগান্তর

28 MAY 2017

# স্কুল-মাদ্রাসা আজ থেকে কলেজ ছুটি মধ্য রমজানে

## বুয়েটে অসন্তোষ

**যুগান্তর রিপোর্ট**

আজ প্রথম রোজা থেকেই প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের স্কুল-মাদ্রাসায় ছুটি শুরু হচ্ছে। তবে উচ্চ মাধ্যমিক এবং অনার্স-মাস্টার্স ও ডিগ্রি পর্যায়ে পাঠদানকারী কলেজগুলো ছুটি হবে মধ্য রমজান থেকে। যদিও ইতিমধ্যে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) রোজার আগেই আগাম ছুটি ঘোষণা করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১ জুন এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ৪ জুন ছুটি শুরু হবে। তবে বেশিরভাগ বিশ্ববিদ্যালয়ে রোজার মধ্যে বেশকিছু ক্লাস-পরীক্ষা চলবে। এ ক্ষেত্রে অভিন্ন কোনো ব্যবস্থা নেই বলে জানা গেছে।

রোজায় ক্লাস না করার দাবিতে আন্দোলনে নেমেছে বুয়েটের শিক্ষার্থীরা। গত সপ্তাহে ছাত্রছাত্রীরা বুয়েটের বিভিন্ন ভবন ও ফটকে তালা ঝুলিয়ে দেয়। উদ্ভূত পরিস্থিতিতে ২৩ মে কর্তৃপক্ষ বিশেষ জরুরি বিজ্ঞপ্তি প্রকাশ করে। বিজ্ঞপ্তিতে আইনশৃঙ্খলা হাতে তুলে না নিয়ে গেট খুলে দিতে বলা হয়। পরদিন একাডেমিক কাউন্সিলের জরুরি অধিবেশনের কথা উল্লেখ করে বলা হয়, ঘোষিত ক্যালেন্ডার অনুযায়ী একাডেমিক কার্যক্রম পরিচালিত হবে। এতে একাডেমিক কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টিকারী শিক্ষার্থীদের বিরুদ্ধে তদন্ত কমিটি গঠনের কথা বলা হয়। এ সিদ্ধান্তের সঙ্গে একমত নয় আন্দোলনকারী শিক্ষার্থীরা। তারা জানিয়েছে, রোজার মাসে তারা ক্লাস করবে না। যন্ত্র বুয়েটের চলতি দায়িত্বপ্রাপ্ত উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কায়কোবাদ বলেন, এ ব্যাপারে যা বলার ওয়েবসাইটে বলে দেয়া আছে। নতুন করে বলার কিছু নেই। প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল শনিবার যুগান্তরকে বলেন, ঢাকা শহরে রাস্তাঘাটেও ব্যাপক যানজট থাকে। মায়েদের বাড়তি ব্যস্ততা তো আছেই। এসব বিবেচনায় এনে প্রথম রোজা থেকেই প্রাথমিক স্কুলে ছুটি থাকছে। মোট ৩৫ দিন ছুটি থাকবে। জানা গেছে, শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষাপঞ্জি অনুযায়ী আগামী ২৯ জুন পর্যন্ত মাধ্যমিক স্তরের স্কুল ও মাদ্রাসায় ছুটি থাকবে। তবে উচ্চ মাধ্যমিক থেকে মাস্টার্স পর্যায়ের কলেজ ১০ জুন পর্যন্ত খোলা থাকবে। ১১ জুন (১৪ রোজা) থেকে ২৯ জুন পর্যন্ত বন্ধ থাকবে এসব প্রতিষ্ঠান। রাজধানীর শেখ বোরহানুদ্দীন পোস্ট গ্র্যাজুয়েট কলেজের অধ্যক্ষ আবদুর রহমান যুগান্তরকে বলেন, এইচএসসি পরীক্ষার সময় কলেজগুলোতে ক্লাস বিঘ্নিত হয়। এর ক্ষতি পুষিয়ে নিতে ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ক্র্যাশ প্রোগ্রাম বাস্তবায়নে ক্লাস চালু রাখার প্রয়োজন আছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগামী ১ জুন ছুটি শুরু হবে। আগামী ৯ জুলাই খুলবে। অপরদিকে রুয়েটে ২২ মে গ্রীষ্মকালীন, পবিত্র রমজান, শবেকদর এবং ঈদুল ফিতরের ছুটি শুরু হয়েছে। আগামী ২ জুলাই ফের ক্লাস ও একাডেমিক কর্মকাণ্ড শুরু হবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) প্রতিনিধি জানান, আগামী ৪ জুন রোববার থেকে ২৯ জুন বৃহস্পতিবার পর্যন্ত গ্রীষ্মকালীন, শবেকদর, জুমাতুল বিদা ও ঈদুল ফিতর উপলক্ষে এক মাস ছুটি পাচ্ছে শিক্ষার্থীরা। তবে শুক্রবার ও শনিবার নির্ধারিত সাপ্তাহিক ছুটি থাকায় ১ জুন বৃহস্পতিবার ক্লাস শেষে এ ছুটি শুরু হবে।